# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 19.09.2024** **Time: 7.35 A.M**

---

বিশেষ বিশেষ খবর –

১) বিভিন্ন দাবি দাওয়া নিয়ে রাজ্য সরকারের সঙ্গে ফের বৈঠক হলেও কর্মবিরতি চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত জুনিয়ার চিকিত্সকদের।

২) ডিভিসি মাত্রাতিরিক্ত জল ছাড়ার ফলেই পুজোর মুখে রাজ্যের একাধিক জেলায় বন্যা পরিস্হিতি তৈরি হয়েছে বলে মুখ্যমন্ত্রী অভিযোগ করেছেন।

নিজের ব্যর্থতা আড়াল করতে মুখ্যমন্ত্রীর এটা পুরনো কৌশল, দাবি বিরোধীদের।

৩) দেশে এক সঙ্গে লোকসভা ও বিধানসভা নির্বাচন এবং তার ১-শো দিনের মধ্যে পুরসভা ও পঞ্চায়েত নির্বাচন করানোর জন্য উচ্চ পর্যায়ের কমিটির সুপারিশ, সরকার গ্রহণ করেছে।

বিজেপি একে স্বাগত জানিয়েছে। সমালোচনা করেছে তৃণমূল কংগ্রেস।

৪) এএফসি চ্যাম্পিয়ান লিগে মোহনবাগান ও তাজিকিস্তানে এফসি রাভেশানের মধ্যে খেলা গোলশূন্যভাবে শেষ হয়েছে।

------------------------------------------------------------------------------

বিভিন্ন দাবি দাওয়া নিয়ে রাজ্য সরকারের সঙ্গে আন্দোলনরত জুনিয়ার চিকিত্কদের ফের বৈঠক হলেও কর্মবিরতি নিয়ে জটিলতা অব্যাহত। কর্মক্ষেত্রে নিরাপত্তার অভাব বোধ করায় আন্দোলনরত জুনিয়ার চিকিত্সকরা কর্মবিরতি চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছে। গতরাতে নবান্নে রাজ্যের মুখ্য সচিব, স্বারাষ্ট্র সচিব এবং রাজ্য প্রশাসনের শীর্ষ কর্তাদের সঙ্গে আলোচনায় কোনো সামাধান সূত্র বের হয়নি বলে ডাক্তারদের তরফে জানানো হয়েছে। বৈঠক শেষে সাংবাদিকদের মুখোমুখি হয়ে ওয়েস্টবেঙ্গল জুনিয়ার ফ্রন্টের ডাক্তার রুমেলিকা কুমার বলেন, মেডিকেল কলেজগুলিতে স্বাস্থ্য পরিষেবার বেহাল অবস্থা, থ্রেট কালচার সীমাহীনভাবে বৃদ্ধি পেয়েছে। এরই ফল স্বরূপ এক সহকর্মীকে তারা হারিয়েছেন। এই পরিবেশ থেকে বেরিয়ে আসতে গণতান্ত্রিক পদ্ধতিতে ছাত্র সংসদের নির্বাচন প্রয়োজন। পাশপাশি স্বাস্থ্য দপ্তরের কয়েকজন শীর্ষ পদাধিকারীকেও সরানো দরকার। দীর্ঘ বৈঠকে ফ্রন্টের প্রতিনিধিদের বিভিন্ন দাবি দাওয়া মুখ্য সচিব মেনে নিলেও মিনিটসে সই করতে রাজি হননি। এই বিষয়টি নিয়ে রাজ্য প্রশাসনের চলতি অচলাবস্থা কাটাতে সদিচ্ছা নিয়েও প্রশ্ন তোলেন তিনি। রুমেলিকা বলেন, বৈঠক নিয়ে তারা কিছুটা হলেও আস্থা হারিয়েছেন। লাইভ স্ট্রিমিং-এর যে দাবি বারবার ফ্রন্টের তরফে করা হয়েছে, তা এর মাধ্যমে কার্যত সঠিক বলে প্রমাণিত হল। তবে তারা দাবি দাওয়াগুলি মেইল মারফত্ রাজ্যের মুখ্য সচিব মনোজ পন্থকে পাঠিয়ে দেবেন বলেও তিনি জানান।

এদিকে, গতকালের বৈঠকে রাজ্য সরকারের তরফে একাধিক পদক্ষেপের কথা জুনিয়ার ডাক্তারদের সামনে তুলে ধরা হয়। হাসপাতালে দালাল চক্র নির্মূল করা, নিরাপত্তার দায়িত্বে চুক্তিভিত্তিক কর্মী না রাখার মত কয়েকটি দাবিতে রাজ্য সরকার সম্মতি দিয়েছে বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে। চিকিত্‍সকদের দাবি মত কয়েকটি কমিটি গড়ার প্রস্তাবেও সম্মতি দেওয়া হয়েছে। রাজ্য সরকারের তরফে বৈঠকে ছিলেন মুখ্যসচিব ছাড়াও স্বরাষ্ট্র সচিব নন্দিনী চক্রবর্তী, রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার, কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মা এবং রাজ্য পুলিশের এডিজি আইনশৃঙ্খলা জাভেদ শামিম।

উল্লেখ্য এর আগে মুখ্যমন্ত্রীর কালিঘাটের বাড়িতে হওয়া বৈঠকে জুনিয়ার ডাক্তারদের কয়েকটি দাবি রাজ্য সরকার মেনে নিয়েছিল। কলকাতার পুলিশ কমিশনার এবং স্বাস্থ্য বিভাগের কয়েকজন পদাধিকারীকে অন্যত্র বদলি করা হলেও প্রধান স্বাস্থ্য সচিবের অপসারণ সহ কয়েকটি দাবি নিয়ে সহমত হয়নি।

-------------------

ওয়েস্টবেঙ্গল মেডিকেল কাউন্সিল স্বাস্থ্য ক্ষেত্রে দুর্নীতির আঁতুরঘড়ে পরিণত হয়েছে বলে অভিযোগ তুলে ডাক্তারদের সংগঠন জয়েন্ট প্লাটফর্ম অফ ডক্টরর্স ওয়েস্টবেঙ্গল, ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশনের পশ্চিমবঙ্গ শাখা এবং প্রোটেক্ট দ্য ওয়ারিয়ার্স আজ “মেডিকেল কাউন্সিল সাফাই করো” অভিযানের ডাক দিয়েছে। আজ দুপুর তিনটেয় মেডিকেল কাউন্সিলের কার্যালয়ের সামনে বিক্ষোভ সমাবেশের আয়োজন করা হবে। এই কর্মসূচীতে জুনিয়ার ডাক্তারদের তরফেও প্রতিনিধি দল যোগ দেবে।

জুনিয়ার ডাক্তারদের তরফে ডাক্তার দেবাশিস হালদার বলেন, রাজ্যের বন্যা কবলিত এলাকাগুলিতে ফ্রন্টের তরফে ত্রাণ শিবির এবং অভয়া ক্লিনিক চালু করা হবে। পাশাপাশি আন্দোলনের পাশে দাঁড়িয়ে বহু মানুষ যেবস জিনিস তাদের পাঠিয়েছেন তাও বন্যা কবলিত এলাকায় পাঠাবেন ডাক্তাররা।

বিজেপি দমদম নাগেরবাজার থেকে সেন্ট মেরি স্কুল পর্যন্ত মশাল মিছিল করেছে। যোগ দেন রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার।

-------------------

১৪ ই আগস্ট রাতে আর জি কর মেডিকেল কলেজে হামলার ঘটনায় ধৃত ৪৪ জনকে ২৪ শে সেপ্টেম্বর পর্যন্ত জেল হেফাজত দিয়েছে শিয়ালদা আদালত। ভিডিও ফুটেজ দেখে এবং জিজ্ঞাসাবাদ করে এদের চিহ্নিত করা হয়।

-------------------

এদিকে, আর জি কর কান্ডের প্রেক্ষিতে সিবিআইয়ের হাতে গ্রেপ্তার টালা থানার প্রাক্তন ওসি অভিজিত্‍ মন্ডলকে সাসপেন্ড করা হয়েছে। তার বিরুদ্ধে তথ্যপ্রমাণ লোপাট, দেরিতে এফআইআর দায়েরের মত অভিযোগ রয়েছে। সরকারি নিয়ম মতোই এই সাসপেনশন বলে জানা গেছে।

-------------------

ডিভিসি মাত্রাতিরিক্ত জল ছাড়ার ফলেই পুজোর মুখে রাজ্যের একাধিক জেলায় বন্যা পরিস্হিতি তৈরি হয়েছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেছেন। হুগলীর পুরশুড়া এবং পশ্চিম মেদিনীপুরের ঘাটালের রানীর বাজারের প্লাবিত এলাকা সরেজমিনে ঘুরে দেখার পর গতকাল তিনি বলেন, ডিভিসি ৩ লক্ষ কিউসেক হারে জল ছেড়েছে। বারবার তিনি কথা বলেছেন, ডিভিসি কর্তৃপক্ষ এবং ঝাড়খন্ডের মুখ্যমন্ত্রীর সঙ্গে। কিন্তু তার পরেও নিজেদের রাজ্যকে বাঁচাতে বাংলাকে ডুবিয়ে দেওয়া হয়েছে।

(বাইট–মুখ্যমন্ত্রী/পুড়শুড়া)

এদিন দুপুরে হাওড়া হয়ে হুগলীতে পৌঁছন মুখ্যমন্ত্রী। পুড়শুড়া যাওয়ার পথে একটি সেতুর ওপর বানভাসি মানুষদের দেখতে পেয়ে গাড়ি থামান। কথা বলেন তাদের সঙ্গে। ডিভিসি-র বিরুদ্ধে ক্ষোভ উগরে দেন তিনি। পুড়শুড়া থেকে পশ্চিম মেদিনীপুরের ঘাটাল রওনা হওয়ার আগে কামারপুকুরে গিয়ে শ্রীরামকৃষ্ণের জন্মভিটায় তিনি শ্রদ্ধা জানান। ঘাটালের প্লাবিত এলাকা দেখে ক্ষুব্ধ মুখ্যমন্ত্রী বলেন, বাংলার সঙ্গে বঞ্চনা করা হচ্ছে। এই বন্যা মানুষের তৈরি।

মেদিনীপুর সার্কিট হাউসে মুখ্যমন্ত্রী রাত্রিবাসের পর আজ পূর্ব মেদিনীপুরের পাঁশকুড়ায় বন্যা পরিস্থিতি সরেজমিনে দেখবেন তিনি।

-------------------

এদিকে, দুর্গাপুর ব্যারাজ থেকে জল ছাড়ার পরিমাণ কিছুটা কমেছে। ২ লক্ষ ১৮ হাজার কিউসেক হারে জল ছাড়া হয়েছে বলে জানা গেছে। তবে এই পরিমাণ আরও কমানো হতে পারে বলে গতরাতেই জানানো হয়েছিল। বিভিন্ন জেলায় বন্যার প্রেক্ষিতে এখনও পর্যন্ত এক লক্ষ ৪৪ হাজারের বেশি মানুষকে অন্যত্র সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে। এর মধ্যে হুলীতে সবচেয়ে বেশি এক লক্ষ ১৫ হাজারের বেশি মানুষকে স্থানান্তরিত করা হয়েছে বলে রাজ্য বিপর্যয় ব্যবস্থাপনা দপ্তর জানিয়েছে। নবান্নে কন্ট্রোল রুম থেকে সব জেলার প্রশাসনের সঙ্গে নিয়মিত যোগাযোগও রাখা হচ্ছে।

নিম্নচাপের বৃষ্টি এবং ডিভিসি ছাড়া জলে ফুলে ফেঁপে উঠেছে দামোদর নদ। নীচু এলাকাগুলি জলমগ্ন। অনেক বাড়িতে জল ঢুকেছে। বিস্তীর্ণ এলাকার চাষের জমি জলের তলায়। নষ্ট হয়েছে সবজি চাষ। বেরু গ্রামের বলরামপুরের রিং বাঁধ ভেঙে হু হু করে জল ঢুকছে।

হাওড়ার আমতা দু-নম্বর ব্লক ও উদয়নারায়ণপুরেও দামোদরের জলে বানভাসী হয়েছেন বহু মানুষ। জল ঢুকেছে ৮-টি গ্রাম পঞ্চায়েতে। উদয়নারায়ণপুরে ৬৮, আমতায় ১০ ও বাগনান ১ নম্বর ব্লকে ৪-টি ত্রাণ শিবির খোলা হয়েছে। উদ্ধার ও ত্রাণের কাজে নিযুক্ত রয়েছে এন ডি আর এফ ও এস ডি আর এফ-এর দল। জল মগ্ন উদয়নারায়ণপুর – ডিহিভুরসুট রাজ্য সড়ক।

বাঁকুড়া জেলার বড়জোড়া, সোনামুখির মানাচর এলাকার বিস্তীর্ণ অংশও প্লাবিত। দামোদরের জলে ভেসে গেছে দু'শোরও বেশি বাড়ি। বড় মানা, সাহা মানা এলাকায় বিঘার পর বিঘা চাষ জমি জলের তলায়।

নদীয়ার শান্তিপুরে ভাগীরথীর জল অস্বাভাবিক হারে বৃদ্ধি পাওয়ায় গুপ্তিপাড়া ফেরি ঘাট দিয়ে পারাপার আজ সকাল ৬ টা অবধি বন্ধা রাখা হয়।

-------------------

নিজের ব্যর্থতা আড়াল করতে মুখ্যমন্ত্রী পুরনো কৌশলের পুনরাবৃত্তি করছেন বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন। এক্স হ্যান্ডেলে তিনি বলেছেন, প্রতিবছর মুখ্যমন্ত্রী ম্যান মেড বন্যা শব্দবন্ধের ব্যবহার এবং পশ্চিমবঙ্গে বন্যার জন্য কেন্দ্রীয় ও ঝাড়খণ্ড সরকার এবং ডিভিসিকে দায়ী করেন। মানুষ মুখ্যমন্ত্রীর এই বক্তব্য শুনে শুনে ক্লান্ত।

শুভেন্দুর দাবি, মুখ্যমন্ত্রী এবং সেচ ও জলপথ দপ্তর পুরোপুরি ব্যর্থ। বর্ষার আগে কোনো প্রতিরোধ বা সতর্কতামূলক ব্যবস্থা নেওয়া হয় না। প্রতিবার বর্ধমান, বাঁকুড়া, হুগলি, হাওড়া,পশ্চিম এবং পূর্ব মেদিনীপুর প্লাবিত হয়। মুখ্যমন্ত্রী এই প্রাকৃতিক বিপর্যয়কে কনভয় নিয়ে ঘটনাস্থলে পৌঁছানো ফটো তোলা এবং নিজের ব্যর্থতা আড়াল করতে অন্যদের দোষারোপ করার সুযোগ হিসাবে ব্যবহার করেন।

--------------------

রাজ্যের বন্যা পরিস্থিতি দিনের পর দিন খারাপ হচ্ছে বলে প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী মনে করেন। সাংবাদিকদের প্রশ্নের জবাবে গতকাল তিনি বলেন, রাজ্যের বন্যা পরিস্থিতি জানা সত্ত্বেও যে সতর্কতামূলক ব্যবস্থা নেওয়ার প্রয়োজন সেদিক রাজ্য সরকারের নজর নেই। বন্যা ও নদী ভাঙ্গন নিয়ে কোন দীর্ঘস্থায়ী পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা তা তাঁর জানা নেই বলেও অধীর বাবু মন্তব্য করেন।

--------------------

এসইউসিআই কমিউনিস্ট রাজ্যে ভয়াবহ বন্যা পরিস্থিতি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বক্তব্যের সমালোচনা করে ত্রাণের রাজনীতি এবং মানুষের জীবন নিয়ে ছেলেখেলা করার অভিযোগ করেছে। দলের রাজ্য সম্পাদক চন্ডী দাস ভট্টাচার্য্য গতকাল এক বিবৃতিতে বলেন, বন্যায় হাওড়া, হুগলী, বাঁকুড়া, দুই মেদিনীপুর এবং বীরভূম প্লাবিত হয়েছে। ডিভিসি থেকে যে হারে জল ছাড়া হচ্ছে, তাতে বন্যা হওয়াই স্বাভাবিক। তিনি বাঁধগুলির ধারণ ক্ষমতা বৃদ্ধি, নিকাশি ব্যবস্থার উন্নতিরও দাবি জানান। পাশাপাশি মুখ্যমন্ত্রী প্রতি বছর ম্যান মেড বন্যার কথা বলে ত্রাণের রাজনীতি করেন বলেও তিনি মন্তব্য করেছেন।

--------------------

দেশে এক সঙ্গে লোকসভা ও বিধানসভা নির্বাচন এবং তার ১-শো দিনের মধ্যে পুরসভা ও পঞ্চায়েত নির্বাচন করানোর জন্য উচ্চ পর্যায়ের কমিটির সুপারিশ, সরকার গ্রহণ করেছে। প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের নেতৃত্বে ওই কমিটি রাজনৈতিক দল ও বিশেষজ্ঞ সহ সংশ্লিষ্ট সব পক্ষের সঙ্গে বিস্তারিত আলোচনা করেছেন। কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকের পর গতকাল তথ্য ও সম্প্রচারমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব জানান, দুটি পর্যায়ে সারা দেশে নির্বাচন হবে। প্রথম দফায় এক সঙ্গে হবে লোকসভা ও বিধানসভা নির্বাচন। তার ১-শো দিনের মধ্যে পঞ্চায়েত ও পুরসভার ভোট করানো হবে।

বিজেপি, কেন্দ্রীয় মন্ত্রিসভার এক দেশ, এক নির্বাচনের সুপারিশ গ্রহণকে স্বাগত জানিয়েছে। দলের রাজ্য মুখপাত্র, রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য এক ভিডিও বার্তায় এই ঐতিহাসিক সিদ্ধান্ত নেওয়ার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে অভিনন্দন জানিয়েছেন। রামনাথ কোবিন্দের প্রতিও কৃতজ্ঞতা জানিয়েছেন তিনি।

--------------------

এক দেশ এক নির্বাচন সংক্রান্ত প্রস্তাবটি আজ কেন্দ্রীয় মন্ত্রিসভায় অনুমোদন পাওয়ায় তৃণমূল কংগ্রেস তার সমালোচনা করেছে। দলের রাজ্যসভার সাংসদ ডেরেক ও ব্রায়ান- একে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও অমিত শাহ্-র আরও একটি ভাঁওতা আখ্যা দিয়েছেন। তৃণমূল প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এই প্রস্তাবের বিরোধিতা করে গত এগারো-ই জানুয়ারি উচ্চ পর্যায়ের কমিটির সচিব ডক্টর নীতিন চন্দ্রকে যে চিঠি দিয়েছিলেন তার প্রতিলিপি এক্স হ্যান্ডেলে পোস্ট করেছেন তিনি। কেন্দ্রের প্রস্তাবের সঙ্গে তিনি যে সহমত নন সেকথা মুখ্যমন্ত্রী আগেই চিঠিতে উল্লেখ করেছিলেন।

------------------

উত্তরবঙ্গের তরাই-ডুয়ার্স চাবাগানের শ্রমিকদের পুজোর বোনাস নিয়ে মালিক পক্ষ ও শ্রমিক সংগঠনগুলির দ্বিপাক্ষিক বৈঠকে কোনো সমাধান সূত্র না মেলায় আজ কলকাতায় ফের দ্বিপাক্ষিক বৈঠক বসছে। সকাল ১১ টায় ডালহৌসিতে বেঙ্গল চেম্বার অফ কমার্সের নির্ধারিত এই বৈঠকে চা মালিকের সংগঠন এবং শ্রমিকদের একাধিক সংগঠনের প্রতিনিধিরা উপস্থিত থাকবেন। শ্রমিক সংগঠন এআইসিসিটিইউ-র রাজ্য সাধারণ সম্পাদক বাসুদেব বসু জানিয়েছেন, গত বছর চা শ্রমিকরা ১৯ শতাংশ হারে বোনাস পেলেও এবারে মালিক পক্ষ ১০ শতাংশের বেশি বোনাস দিতে নারাজ। তবে সংগঠনগুলিও দাবি আদায়ে অনড় রয়েছে বলে তিনি জানান।

এর আগেও বিষয়টি নিয়ে বেশ কয়েক দফায় ভার্চুয়ালি বৈঠক হয়েছে।

------------------

মালদার গাজোলে গতকাল গাজোল এক নম্বর অঞ্চলের অঙ্গমওয়ারি কর্মী ও সহায়িকাদের উদ্যোগে সুপুষ্টি দিবস উত্সব পালিত হয়েছে। অন্নদাশঙ্কর সদনে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাজোলের বিডিও সহ আধিকারিক ও জনপ্রতিনিধিরা।

মালদা শহরে তিন নম্বর ওয়ার্ডে পুষ্টি দিবসের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পৌর প্রধান কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী।

এদিকে, দুমাস ধরে টাকা পাচ্ছেন না অভিযোগ তুলে জলপাইগুড়ি জেলা অঙ্গনওয়ারি কেন্দ্রগুলিতে বিক্ষোভে সামিল হয়েছেন প্রায় ৫০০ অঙ্গনওয়ারি কর্মী। এমনকি কাজের জন্য প্রয়োজনীয় মোবাইল ফোন তাদের দেওয়া হয়নি বলেও অভিযোগ তুলেছেন তারা। প্রশাসনের তরফে এক সপ্তাহের মধ্যে বকেয়া অর্থ মিটিয়ে দেওয়ার আশ্বাস পেয়ে বিক্ষোভ তুলে নেওয়া হয়।

------------------

নতুন দিল্লীর বিজ্ঞান ভবনে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামনের এনপিএস বাৎসল্য প্রকল্পের সূচনা, আজ স্টেট লেভেল ব্যাংকার্স কমিটি আজ কলকাতায় তাদের সদর দপ্তরে সরাসরি সম্প্রচারের ব্যাবস্থা করে। রাজ্য এসএলবিসির জেনারেল ম্যানেজার শিউ শংকর সিং, পাঞ্জাব ন্যাশনাল ব্যাংকের জেনারেল ম্যানেজার ভুবনেশ্বরী ভেঙ্কট রামন, নাবার্ডের জেনারেল ম্যানেজার দীপমালা ঘোষ প্রমুখ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। নাবার্ডের সঙ্গে যৌথ উদ্যোগে আয়োজিত ওই অনুষ্ঠানে একটি শ্রুতি নাটকও মঞ্চস্থ করা হয়। ৩৫ জন স্কুল পড়ুয়ার পাশাপাশি তাদের অভিভাবক এবং শিক্ষকেরা দর্শক আসনে উপস্থিত ছিলেন। এনপিএস বাৎসল্য প্রকল্পের খুঁটিনাটি সম্পর্কে তাঁদের অবহিত করা হয়।

------------------

এএফসি চ্যাম্পিয়ন্স লিগ টু -য়ের মোহনবাগান সুপার জায়ান্ট প্রথম ম্যাচে ড্র করেছে। গতকাল যুব ভারতী ক্রীড়াঙ্গনে মোহনবাগান ও তাজিকিস্তানের এফ সি রভশানের মধ্যে খেলাটি গোলশূন্যভাবে শেষ হয়েছে।

মোহনবাগান ২ রা অক্টোবর পরবর্তী আওয়ে ম্যাচে ইরানের ট্যাক্টর এস সি, র বিরুদ্ধে খেলবে।

নৈহাটি স্টেডিয়ামে আজ কলকাতা প্রিমিয়ার লিগ ফুটবলের সুপার সিক্স পর্বে ভবানীপুর ক্লাব ও ডায়মন্ড হারবার এফ সি, র মধ্যে খেলাটি ১-১ গোলে শেষ হয়েছে।

------------------- -------------------